

নাগরিক-সেবার বিবরণ সম্বলিত প্রোফাইল ও প্রসেস ম্যাপ

(৯) সেবার নামঃ ট্রেডমার্কস নিবন্ধন প্রদান।

সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয়, ঢাকা	রেজিস্ট্রার, ডেপুটি রেজিস্ট্রার (ট্রেডমার্কস), সহকারী রেজিস্ট্রার(ট্রেডমার্কস), পরীক্ষক(ট্রেডমার্কস), অফিস সহকারী, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (আইটি ইউনিট), রিসেপশন ডেস্ক	পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয়, ঢাকা এবং চট্টগ্রাম বিভাগের দরখাস্ত চট্টগ্রামস্থ শাখা অফিস (কক্ষ নং-২১৮ হতে ২২১, সরকারি কার্য ভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম)	ট্রেডমার্ক নিবন্ধন আবেদনে কোন ত্রুটি না থাকিলে, অথবা নিবন্ধন সম্পর্কিত কোন বিরোধিতা বা আপত্তি না থাকিলে, আবেদন কারি কর্তৃক শর্তাদি পূরণ সাপেক্ষে, সংশ্লিষ্ট আবেদন দাখিলের ১৫০ (একশত পঞ্চাশ) কার্যদিবস
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	<p>ট্রেডমার্কস নিবন্ধনের জন্য বাংলাদেশি অথবা বিদেশি যে কোন নাগরিক আবেদন করতে পারেন। যে কোন ব্যক্তি বা তার কোন বৈধ প্রতিনিধি বা আইনজীবী প্রতিনিধি নির্ধারিত ফিস সহকারে ট্রেডমার্কস দরখাস্ত দাখিল করতে পারেন। নির্ধারিত আবেদন Form TM-১ এর মাধ্যমে ট্রেডমার্কস দরখাস্ত দাখিল করতে হয়। ট্রেডমার্কস দরখাস্ত জমা দেওয়ার সময়ে তার বিপরীতে প্রাপ্তি স্বীকারপত্র (receipt) দেয়া হয় এবং কড়াভাবে ক্রমানুসারে পরীক্ষা করা হয় (আগে জমা দিলে আগে পরীক্ষা)।</p> <p>দরখাস্ত নির্ধারিত Form ও ফি প্রদান পূর্বক যথানিয়মে অত্র অফিসে দাখিল করার পর আবেদনকারীকে ট্রেডমার্কস দরখাস্ত নম্বরসহ মানি রিসিট প্রদান করা হয়। তারপর উক্ত দরখাস্তটির কাগজপত্র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর কর্তৃক ডাটা ক্যাপচারিং এর মাধ্যমে সার্ভারে তথ্য জমা করা হয়। ডাটা ক্যাপচারিং শেষে আবেদনটি ট্রেডমার্কসের ফরমালিটিসহ পরীক্ষক(ট্রেডমার্কস) Substantive Examination শেষে পরীক্ষা প্রতিবেদন অনুমোদনের জন্য সহকারী রেজিস্ট্রারের(ট্রেডমার্কস) নিকট উপস্থাপন করেন। সহকারী রেজিস্ট্রার পরীক্ষা প্রতিবেদনটি যাচাই পূর্বক ডেপুটি রেজিস্ট্রারের অনুমোদনের জন্য উপস্থাপন করেন। ডেপুটি রেজিস্ট্রারের অনুমোদন শেষে জার্নালে প্রকাশযোগ্য হলে ডেসপাস শাখার মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ জার্নাল ফি জমাদানের জন্য আহ্বান করা হয়। আবেদনকারীর নিকট হতে জার্নালে প্রকাশের ফি পাওয়া সাপেক্ষে বিজিপ্রেসের মাধ্যমে জার্নালে প্রকাশ করা হয়। জার্নালে প্রকাশিত হওয়ার তারিখ হতে ২ মাসের মধ্যে কোন ট্রেডমার্কস আবেদনের বিরুদ্ধে অপোজিশন মামলা দাখিল হলে বিধি অনুযায়ী তা ৩৬০ দিনের মধ্যে নিষ্পত্তি করা হয়। যদি কোন অপোজিশন না থাকে তবে আবেদনকারীকে সনদ ফি প্রদানের জন্য আহ্বান করা হয় এবং নির্ধারিত ফি পাওয়া সাপেক্ষে ট্রেডমার্কস আবেদনকারীকে রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত ট্রেডমার্ক নিবন্ধনের সনদ প্রদান করা হয়। যেকোন ট্রেডমার্ক নিবন্ধনের মেয়াদ ৭ (সাত) বৎসর।</p>		
সেবা প্রাপ্তির শর্তাবলি	যথাসময়ে প্রয়োজনীয় তথ্য সম্বলিত যাবতীয় কাগজপত্র ও নির্ধারিত ফি প্রদান।		
প্রয়োজনীয় কাগজপত্র	<p>০১) যথাযথভাবে পূরণকৃত নির্ধারিত আবেদন 'TM-১ ফরম; ফরমটির (প্রথম পৃষ্ঠা) ৩ (তিন) কপি এবং Additional Representation Form (দ্বিতীয় পৃষ্ঠা) ৬ (ছয়) কপি;</p> <p>০২) Priority Claim করলে তার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে;</p> <p>০৩) নির্ধারিত ফি পরিশোধ সংক্রান্ত পেঅর্ডার এর কপি</p> <p>০৪) আবেদনকারি কোন প্রতিনিধির মাধ্যমে আবেদন করলে প্রতিনিধিকে Power of Attorney দাখিল করতে হবে।</p>		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	<p>০১. নতুন আবেদনের ক্ষেত্রেঃ</p> <p>ক) এক ধরনের পণ্য/সেবার ক্ষেত্রে- ১৫০০/-</p> <p>খ) দুই থেকে চার ধরনের পণ্য/সেবার ক্ষেত্রে-২৫০০/-</p> <p>গ) চার এর অধিক বা উক্ত শ্রেণীর সকল ধরনের পণ্য/সেবার ক্ষেত্রে-৩৫০০/-</p> <p>০২. জার্নাল প্রকাশের ক্ষেত্রেঃ ৭০০/- হতে ১৫০০/- (লেবেল/লোগোর সাইজ অনুযায়ী)</p> <p>০৩. সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রেঃ</p> <p>ক) এক ধরনের পণ্য/সেবার ক্ষেত্রে- ৫,০০০/-</p> <p>খ) দুই থেকে চার ধরনের পণ্য/সেবার ক্ষেত্রে-১০,০০০/-</p>		

		গ) চার এর অধিক বা উক্ত শ্রেণীর সকল ধরণের পণ্য/সেবার ক্ষেত্রে-১৫,০০০/-
সংশ্লিষ্ট আইননীতিমালা/বিধি/		ক) ট্রেডমার্কস আইন, ২০০৯ খ) ট্রেডমার্কস বিধিমালা, ১৯৬৩
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা		রেজিস্ট্রারের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে আবেদনকারি হাইকোর্ট ডিভিশনের নিকট আপীল করার বিধান আছে।
সেবা প্রদান/ প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	সংশ্লিষ্ট বিষয়ে আবেদনকারির সুস্পষ্ট ধারণা না থাকা।
	খ) সরকারি পর্যায়	প্রয়োজনীয় দক্ষ জনবল ও Equipment এর স্বল্পতা।
বিবিধ/অন্যান্যঃ		

৩.১.২ প্রসেস ম্যাপ

ট্রেডমার্কস নিবন্ধন প্রদান সংক্রান্ত কার্যক্রমের ফ্লো চার্ট



